উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

অক্টোবর ২০২০ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ১৭ম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৯/১০/২০২০ খ্রি. |
| সময় | : বেলা ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম, কুমিল্লা। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ২৯ অক্টোবর ২০২০ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ১৭ম সভার ) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন । উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নিবহী অফিসার ও মূখ্য নিবহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০১৯-২০২০ অর্থ বছরের সেপ্টেম্বর ২০২০ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br><br>সেপ্টেম্বর ২০২০ আয় অংশ :<br><br>(ক) অবশিষ্ট স্থিতি = ১,৪৪,১৩,২০১/-<br>(খ) ভূমি উন্নয়ন কর = ৪,০৯৩/-<br>(গ) সাব রেজিস্ট্রি অফিস হতে<br>স্থাবর সম্পত্তি হস্তান্তর কর : ১০,২১,৬০৬/-<br>(ঘ) বাসা ভাড়া বাবদ = ৩২,৪৫৪/-<br>(ঙ) অস্থায়ী গবাদি পশুর বাজার<br>ইজারা হতে আয় = ৪,২০,৩৩৬/-<br>(চ) ১৪২৫ বাংলা সনের হাটবাজার<br>ইজারা লব্ধ আয়ের ৪১% জমা বাবদ=১৩,৬৯,০৬৩/-<br>(ছ) গাছ নিলামে বিক্রি বাবদ জমা= ২,৬৪,০০০/-<br>মোট আয়= ১,৭৫,২৪,৭৫৩/- | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | সেপ্টেম্বর ২০২০ ব্যয় অংশ :<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা =৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন =২৪,৮০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ =৫,০০০/-<br>(ঙ) নিরাপত্তা ব্যয় বাবদ =১০,৭০০/-<br>(চ) ঈদুল আযহা উপলক্ষে অনলাইনে পশুর ডাটা এন্ট্রি সংক্রান্ত ব্যয় বাবদ=৬১,৬০০/-<br>মোট ব্যয়=২,২৬,১০০/-<br>অবশিষ্ট স্থিতি = ১,৭২,৯৮,৬৫৩/-<br>(এক কোটি বাহাত্তর লক্ষ আটানব্বই হাজার ছয়শত তেপান্ন টাকা) | | |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় অক্টোবর ২০২০ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | উপজেলা কৃষি অফিস : উপজেলা কৃষি অফিসার, লাকসাম বলেন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম এর অনুমতিক্রমে গত ১২ অক্টোবর ২০২০ খ্রি. তারিখ উপজেলার বিভিন্ন স্থানে বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে বিনামূল্যে বীজ বিতরণ করা হয়। তিনি বলেন কান্দিরপাড় ইউনিয়নের নোয়াপাড়া কমিউনিটি এন্টারপ্রাইজ এর জন্য বি.এ.ডি.সি হতে ভূ-গর্ভস্থ ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে সেচের প্রকল্প গ্রহণ করা হলে অনেক কৃষক উপকৃত হবে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে কান্দিরপাড় ইউনিয়ন পরিষদে সেচকার্য সম্পাদনে ড্রেন নির্মাণের জন্য ইউজিডিপি থেকে প্রকল্প অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বি.এ.ডি.সি হতে উক্ত প্রকল্প গ্রহণের জন্য প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। উপ সহকারী প্রকৌশলী, বি.এ.ডি.সি, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.২ | **উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ**<br><br>উপজেলা প্রকৌশলী, লাকসাম বলেন উপজেলা পরিষদের ভবনাদি ও উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে বাউন্ডারি ওয়াল মেরামতকরণ বিশেষ প্রয়োজন। বর্তমানে ভবনগুলির ছাদ দিয়ে পানি পড়ে, ওয়ালের প্লাষ্টার নষ্ট হয়ে ভিতর এবং বাহিরের রং উঠে গেছে এবং টিন সেড ঘরের টিন নষ্ট হয়ে গিয়েছে। ভবনগুলির বৈদ্যুতিক লাইন প্রায় অকেজো হয়ে পড়েছে। ২য় তলা ভবনে টয়লেট অপ্রতুল বিধায় উপজেলা প্রকৌশলী কার্যালয়ে কর্মচারীদের জন্য ১টি উপজেলা সমবায় কর্মকর্তা, লাকসাম এর জন্য ১টি করে মোট ২টি টয়লেট একান্ত প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ভবনটি বর্তমানে অবকাঠামোগত ভাবে ভাল আছে। কিন্তু ছাদ দিয়ে চুইয়ে চুইয়ে বৃষ্টির পানি পড়ে বিধায় ভবিষ্যতে আরও কয়েক বছর ব্যবহারের জন্য উক্ত ভবনে রুফ টপ সিমেন্ট কংক্রিট ধরা হয়েছে। দ্বিতীয় তলা ভবনের ছাদ দিয়ে চুইয়ে চুইয়ে পানি পড়ে অফিসের জরুরী কাগজপত্র যন্ত্রপাতি নষ্ট হয়ে যাচ্ছে বিধায় উক্ত ভবনে রুফ টপ সিমেন্ট কংক্রিট ধরা হয়েছে। উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন নির্মাণ হবে বিধায় উপজেলার পুরনো জরাজীর্ণ কোর্ট ভবনটি অপসারণ হবে বিধায় সেখানকার বিভিন্ন সরকারী দপ্তর মসজিদ সংলগ্ন এক তলা ভবনে স্থানান্তর করার লক্ষ্যে নিড বেইজ আইটেম সমূহ ধরা হয়েছে। এছাড়াও ২য় তলা ভবনের সিড়ি অত্যন্ত পুরনো জরাজীর্ণ ও উচু হওয়ায় বয়স্ক ও বিভিন্ন বয়সী সেবাপ্রার্থীদের উপরে উঠতে সমস্যা হয় বিধায় ভবনের পিছন দিকে সাময়িকভাবে ব্যবহার করার জন্য একটি অপেক্ষাকৃত নীচু স্টীলের সিঁড়ি ধরা হয়েছে।<br><br>প্রধান গেইটের পূর্ব পার্শ্বে কিছু অংশে বাউন্ডারী ওয়াল নাই। উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে খালি অংশে ১২মিঃ নতুন ওয়াল এবং উপজেলা পরিষদের উত্তর পাশের নীচু বাউন্ডারী ওয়াল ২''-৬'' উঁচু করণ ধরে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত কাজের প্রাক্কলন ২০১৯-২০২০ অর্থ বছরের RSEPS অনুসারে প্রস্তুত করা হয়েছে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>এমতাবস্থায় উক্ত প্রাক্কলনটি অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ভবনাদি ও বাউন্ডারি ওয়াল মেরামতকরণ সংক্রান্ত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা এবং প্রাক্কলন প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে '' লাকসাম- মুদাফরগঞ্জ সড়ক'' লাকসাম-শ্রীয়াং সড়ক এবং '' লাকসাম যুক্তিখোলা '' সড়ক প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ব্যাটস দ্বারা মেরামত কাজ দ্রুত করার জন্য উপজেলা প্রকৌশলী, লাকসামকে বলা হয়।<br><br>৩। সভায় বিস্তারিত আলোচনান্তে ''লাকসাম-মনোহরগঞ্জ সড়কে উন্নয়নমূলক কাজ করার নিমিত্ত সড়ক প্রশস্থ করা প্রয়োজন বিধায় সড়কে দু'পার্শ্বে গাছ কর্তন ও অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। সভায় বিস্তারিত আলোচনান্তে গোবিন্দপুর ইউনিয়নের ''গাজীর পাড় বাজার থেকে মুন্সীর বাড়ী পর্যন্ত ৬০০ মিটার পর্যন্ত সড়কটি ইনভেন্টরি ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫। সভায় বিস্তারিত আলোচনান্তে অনুমোদনবিহীন ট্রাক্টর রাস্তায় চলাচল না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬। সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলার কোন ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/সংস্কারের প্রয়োজন হলে উপজেলা প্রকৌশলী অফিস, লাকসামকে অবহিত করার অনুরোধ জানান<br><br>৭। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে জরাজীর্ণ ও পরিত্যাক্ত বি.এ.ডি.সি ভবনটি ভাঙ্গার লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।<br><br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী লাকসাম জানান '' লাকসাম-মুদাফরগঞ্জ সড়ক'' লাকসাম-শ্রীয়াং সড়ক এবং '' লাকসাম যুক্তিখোলা '' সড়ক ব্যাটস দ্বারা মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সড়কের বর্তমান অবস্থার প্রেক্ষিতে নিম্নোক্তভাবে প্রাক্কলন তৈরী করা হয়।<br>১। লাকসাম মুদাফরগঞ্জ সড়ক - ২,০০,০০০/-<br>২। লাকসাম শ্রীয়াং সড়ক - ২,০০,০০০/-<br>৩। লাকসাম শ্রীয়াং সড়ক (২য় অংশ)- ২,০০,০০০/-<br>৪। লাকসাম যুক্তিখোলা সড়ক - ২,০০,০০০/-<br><br>তিনি বলেন ''লাকসাম-মনোহরগঞ্জ সড়কে উন্নয়নমূলক কাজ করার নিমিত্ত সড়ক প্রশস্থ করা প্রয়োজন বিধায় সড়কে দু'পার্শ্বে গাছ কর্তন ও অপসারণের ব্যবস্থা নেয়ার জন্য সভাকে অবহিত করেন।<br><br>তিনি বলেন উপজেলার গোবিন্দপুর ইউনিয়নের ''গাজীর পাড় বাজার থেকে মুন্সীর বাড়ী পর্যন্ত ৬০০ মিটার পর্যন্ত সড়কটি ইনভেন্টরি ভূক্ত করা প্রয়োজন। উক্ত সড়কটির নতুন আইডি নং ৪১৯৭২৫১৫১। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>তিনি আরো জানান অনুমোদনবিহীন ট্রাক্টর রাস্তায় চলাচল করে রাস্তার ক্ষতিসাধন করছে। তিনি পল্লী বিদ্যুৎ সমিতি, কুমিল্লা-৪ ও পিডিবি কর্তৃক বৈদ্যুতিক খুঁটি বসানোর সময় রাস্তার Edging হতে ন্যূনতম ১০ ফুট দূরত্বে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের অনুরোধ জানান। তিনি লাকসাম উপজেলার কোন ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/সংস্কারের প্রয়োজন হলে তার দপ্তরে অবহিত করার অনুরোধ জানান। তিনি ইজিপি ট্রেনিং এর আগ্রহ থাকলে প্রকল্পের মাধ্যমে উপজেলার যে সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণ আগ্রহী আছেন তাদের নিকট ফরম প্রেরণ করা হলে নির্ধারিত সময়ে উক্ত ফরম তার দপ্তরে জমাদানের জন্য অনুরোধ করেন। তিনি বলেন এ.ডি.পি হতে ১ম কিস্তি বাবদ ২৩.৮২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের প্রেক্ষিতে প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরো জানান উপজেলা পরিষদের অভ্যন্তরে বি.এ.ডি.সি দোতলা ভবনটি দীর্ঘদিন যাবৎ জরাজীর্ণ ও পরিত্যক্ত অবস্থায় রয়েছে। বর্তমানে উপজেলা পরিষদের মাস্টারপ্ল্যান মোতাবেক প্রশাসনিক ভবন, বাসাবাড়ী, ডরমেটরিসহ ও অন্যান্য ভবনাদি নির্মাণের লক্ষ্যে উক্ত ভবনটি ভাঙ্গার প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত ভবনটি ভাঙ্গার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | | |

| | | | |
|---|---|---|---|
| ৭.৩ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন এ বছর মাধ্যমিক বিদ্যালয়সমূহে বার্ষিক পরীক্ষা হবে না। নভেম্বর ১ তারিখ হতে সিলেবাস প্রণয়ন করে প্রতি সপ্তাহে ৩টি করে এ্যাসাইনমেন্ট জমা দিয়ে ০৬(ছয়) সপ্তাহে মোট ১৮টি এ্যাসাইনমেন্ট মূল্যায়ন করে পরবর্তী ক্লাসে উত্তীর্ণ হবে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে মাধ্যমিক বিদ্যালয়সমূহে এ্যাসাইনমেন্ট মূল্যায়নের বিষয়টি মনিটরিং এর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসামকে বলা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৪ | <u>উপজেলা সমাজসেবা অফিস</u> : উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম বলেন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা কর্মসূচীকে MIS এ ডাটা এন্ট্রির ক্ষেত্রে বিভিন্ন সমস্যা উপস্থাপন করা হয়। এ পর্যন্ত ৬৭% ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। আরো ৩৩% ডাটা এন্ট্রি বাকী আছে। এক্ষেত্রে কিছুদিন ডাটা এন্ট্রি বন্ধ থাকলেও সার্ভার সচল রয়েছে এবং অতি দ্রুত ডাটা এন্ট্রি সম্পন্ন করতে উর্ধ্বতন মহল থেকে বলা হচ্ছে। এ ক্ষেত্রে ০২টি বিষয়ে জোর দেয়া হচ্ছে। ১। মৃত্যু পরবর্তী প্রতিস্থাপন ২। কম বয়সের কারণে প্রতিস্থাপন। এই বিষয়গুলোতে আন্তরিক হওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণ, মেম্বারগণদের দৃষ্টি আকর্ষণ করা হয়। কারণ ডাটা এন্ট্রি সম্পন্ন না হলে তিন মাসের ভাতা সবাইকে দেয়া সম্ভব হবে না। | সভায় বিস্তারিত আলোচনান্তে জিটুপি পদ্ধতিতে অত্র অফিস হতে সকল ভাতা বিতরণ এর জন্য প্রত্যেক ভাতাভোগীদের তথ্য এমআইএস এ ডাটা এন্ট্রি দিতে সকল ইউপি চেয়ারম্যানগণের কাছ থেকে তথ্য সংগ্রহ করে তা সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, লাকসামকে বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :**<br>" No Mask, No Entry,<br>No Mask, No Service"<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, লাকসাম জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের গুরত্বপূর্ণ নির্দেশনা বাস্তবায়নে সকল সেবা কেন্দ্রের সাথে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সকল সম্মানিত সদস্যগণের প্রতি বিনীত অনুরোধ করেন। ১৮ অক্টোবর ভিটামিন A+ ক্যাম্পেইনের চলাকালীন সময়ে Unicef পরিচালিত জরিপে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণের মধ্যে কুমিল্লা জেলার মধ্যে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসাম সর্বাধিক পরিদর্শনকারী বলে সভাকে অবহিত করেন। এখন থেকে পরিবার পরিকল্পনা সেবা গ্রহণের জন্য অনলাইন ভিত্তিক এন্ট্রির কারণে সকল সেবা গ্রহীতাকে অবশ্য মোবাইল নম্বর, জাতীয় পরিচয় পত্র নাম্বার, জন্ম নিবন্ধন নাম্বার প্রদান করার অনুরোধ জানান। উত্তরদা, আজগরা, গোবিন্দপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে ২৪/৭ নরমাল সার্ভিস প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জামাদি প্রদানের ব্যাপারে উপজেলা পরিষদ মাসিক সভাকে অবহিত করেন। তিনি গোবিন্দপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে আরো আধুনিকায়ন করার জন্য সভাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উত্তরদা, আজগরা, গোবিন্দপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে ২৪/৭ নরমাল সার্ভিস প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| ৭.৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় : উপজেলা মহিলা বিষয়ক অফিসার, লাকসাম বলেন দুঃস্থ মহিলাদের ভিজিডি কর্মসূচী চলমান। লাকসাম উপজেলার সকল ইউপি এর জন্য ১৫৮৩ টি ভিজিডি কার্ড রয়েছে। অনলাইনে সকল ভিজিডি কার্ড আগামী ১০ নভেম্বর ২০২০ মাসে এন্ট্রি দিতে হবে। তিনি বলেন মাতৃত্বকালীন ভাতা কার্যক্রমের তথ্য ০২টি ইউনিয়ন হতে পেয়েছি। ১৫(পনের) দিনের মধ্যে ৩৬০ জনের তালিকা এমআইএস সফটওয়ারে দিতে হবে। উক্ত কার্যক্রম G2P System এ ভাতাভোগীদের Account এ টাকা চলে যাবে। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে জয়িতা নির্বাচনের জন্য নাম প্রস্তাব অত্র কার্যালয়ের প্রেরণ করার জন্য বলেন। উক্ত নাম প্রস্তাবের উপর ভিত্তি করে উপজেলা হতে শ্রেষ্ঠ জয়িতা নির্বাচন করে সম্মাননা প্রদান করা হবে। তিনি আরও বলেন বিউটিফিকেশন, সেলাই মেশিন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানগণকে অনলাইনে সকল ভিজিডি কার্ড এবং মাতৃত্বকালীন ভাতাভোগীদের তথ্যাদি আগামী ১০ নভেম্বর ২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সকল ইউপি চেয়ারম্যানগণকে জয়িতা নির্বাচনের জন্য নাম প্রস্তাব দ্রুত প্রেরণের জন্য বলা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম।<br><br>২।চেয়ারম্যান.............. ....ইউপি (সকল), লাকসাম। |
| ৭.৭ | উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন ১ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে জাতীয় যুব দিবস আগামী রবিরার উদ্‌যাপিত হবে। জাতীয় যুব দিবস ২০২০ উদ্‌যাপন অনুষ্ঠানে সকলকে আমন্ত্রণ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে ১ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে জাতীয় যুব দিবস উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, লাকসামকে বলা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, লাকসাম। |
| ৭.৮ | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় অফিসার বলেন ৭ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে জাতীয় সমবায় দিবস আগামী শনিবার উদ্‌যাপিত হবে। জাতীয় সমবায় দিবস ২০২০ উদ্‌যাপন অনুষ্ঠানে সকলকে আমন্ত্রণ জানান। তিনি বলেন বর্তমানে অত্র কার্যালয়ে ঋণ কার্যক্রম অবস্থা ভাল। | সভায় বিস্তারিত আলোচনান্তে ৭ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে জাতীয় সমবায় দিবস উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, লাকসামকে বলা হয়। | উপজেলা সমবায় অফিসার, লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| ৭.৯ | **ইউজিডিপি প্রকল্পঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, ২০১৮-২০১৯ অর্থ বছরের ০৩ টি অবকাঠামো উপ প্রকল্পের মধ্যে ২টির কাজ শীঘ্রই শেষ হয়ে যাবে কিন্তু কৃষ্ণপুর গুচ্ছ গ্রামের প্রটেকশন ওয়ালের কাজ সংশ্লিষ্ট ঠিকাদার এখনো শুরু করেনি। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>তিনি আরো জানান, ২০১৯-২০২০ অর্থবছরের ১০ লক্ষ টাকার প্রশিক্ষণ প্রস্তাবনা ইতিমধ্যে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৪০ লক্ষ টাকার অবকাঠামো উপ প্রকল্পের বরাদ্দের আওতায় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তর/উপজেলা কমিটি এবং ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (ইউডিসিসি) থেকে প্রস্তাবিত ০৭ টি অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনার ভিত্তিতে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রস্তাবিত তালিকার মধ্য থেকে নিম্নোক্ত ০৩ টি উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদনের জন্য অনুরোধ জানান। | ১। এ বছরের ভারী বৃষ্টিপাতের কারণে প্রচন্ড পানির প্রবাহ এবং সংশ্লিষ্ট সাইটের মাটি শক্ত না হওয়ায় কৃষ্ণপুর গুচ্ছ গ্রামের কাজটি শুরু করতে বিলম্ব করা হয়েছে। কাজটি খুব দ্রুত শুরু করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। বিস্তারিত আলোচনা শেষে উপস্থাপিত ০৩ টি উপ-প্রকল্প অনুমোদিত হয় এবং প্রকল্পগুলো ইউজিডিপি প্রকল্প পরিচালক মহোদয় বরাবর তাঁর অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। দ্রুততম সময়ের মধ্যে উপ প্রকল্পগুলোর প্রয়োজনীয় ড্রইং / ডিজাইন এবং প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, লাকসামকে অনুরোধ জানানো হয়।<br>৪। প্রকল্পগুলো প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের পঞ্চ বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভূক্তির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, লাকসাম।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসাম।<br>৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসাম।<br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, লাকসাম।<br>৫। উপজেলা শিক্ষা কর্মকর্তা, লাকসাম। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রস্তাবকারী বিভাগ | বরাদ্দ/প্রাক্কলিত টাকা |
|---|---|---|---|
| ০১ | কোভিড-১৯ মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ। | স্বাস্থ্য | -- |
| ০২ | গোবিন্দপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামত এবং মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ। | পরিবার পরিকল্পনা | -- |
| ০৩ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে (প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়) আসবাবপত্র সরবরাহ। | প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা | -- |

| | | | |
|---|---|---|---|
| ৭.১০ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :** | | |
| | (ক) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ৫৬.৯৯৪৫ মে:টন চালের মাধ্যমে ০৮টি ইউনিয়নে গৃহীত ০৯টি প্রকল্পের তালিকা জেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কমিটির চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণের করা হয়েছিল। পরবর্তীতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ৫৬.৯৯৪৫ মে:টন চালের বরাদ্দ আদেশ বাতিল করে উক্ত চালের পরিবর্তে ২৫,৫১,৪৪৬/৬৯ টাকার বরাদ্দ পত্র জারী করেন। | (ক) গত ২৯/০৯/২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটির সিদ্ধান্ত মোতাবেক ০৮টি ইউনিয়নে গৃহীত ০৯টি প্রকল্পের তালিকা সঠিক রেখে প্রকল্প সমূহের অনুকূলে বরাদ্দকৃত চালের পরিবর্তে সরকার কর্তৃক নির্ধারিত চালের মূল্যের সমপরিমাণ অর্থ বরাদ্দক্রমে সংশোধিত প্রকল্পের তালিকা জেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটির চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সকল ইউ.পি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |
| | (খ) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ)-১ম পর্যায় নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে ০৮টি গৃহীত ২৭টি প্রকল্পের তালিকা জেলা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কমিটির চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণের করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত জেলা কমিটির অনুমোদন পাওয়া যায়নি। | (খ) জেলা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কমিটির অনুমোদন পাওয়ার পর প্রকল্পের কাজ আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সকল ইউ.পি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |
| | (গ) ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৬টি ব্রীজ নির্মাণ প্রকল্পের কাজের জন্য ২,৭৮,৬০,২৩০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। গৃহীত প্রকল্প সমূহের মধ্যে ১২টি প্রকল্পের ১০০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০৪টি প্রকল্পের কাজ গড়ে ৩০% সম্পন্ন করা হয়েছে। | (গ) ১০০% সম্পন্ন ১২টি প্রকল্পের কাজের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত এবং অবশিষ্ট ০৪টি ব্রীজ নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| | (ঘ) ২০১৯-২০২০ অর্থ বছরে করোনা ভাইরাস প্রতিরোধে কর্মহীন হয়ে পড়া পরিবারের মাঝে বিতরণের জন্য জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয় হতে বরাদ্দ প্রাপ্ত ১৬০.০০ মে:টন জিআর চাল ও ৭,১০,০০০/- টাকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। | (ঘ) বরাদ্দকৃত জিআর চাল বিতরণের মাষ্টার রোল ও নগদ টাকা খরচের হিসাব বিবরণীসহ ভাউচার এ-কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু এ পর্যন্ত ইউনিয়ন পরিষদ হতে কোন মাষ্টার রোল পাওয়া যায়নি। চাল বিতরণের মাষ্টার রোল ও নগদ টাকা খরচের হিসাব বিবরণীসহ ভাউচার জরুরী ভিত্তিতে এ-কার্যালয়ে দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে পুন:রায় অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ,লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | (ঙ) পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে অত্র উপজেলার ০৮টি ইউনিয়নের দুঃস্থ অসহায়,প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে ভিজিএফ কর্মসূচির আওতায় ১০(দশ)কেজি হারে বিতরণের জন্য ৯,৫৯৯টি কার্ডের বিপরীতে ৯৫.৯৯০ মেঃটন চালের বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত চাল অত্র উপজেলার ০৮টি ইউনিয়নের দুঃস্থ অসহায় পরিবারের মাঝে বিতরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুকূলে ছাড়পত্র প্রদান করা হয়। কিন্তু এ পর্যন্ত কোন ইউনিয়ন পরিষদ হতে উক্ত চাল বিতরণের মাষ্টাররোল অত্র কার্যালয়ে দাখিল করেন নাই। | (ঙ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের অনুকূলে ছাড়কৃত ভিজিএফ চাল বিতরণের মাষ্টার রোল জরুরী ভিত্তিতে এ কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম। ২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | লাকসাম পূর্ব ইউপি সংক্রান্ত আলোচনা : চেয়ারম্যান, লাকসাম পূর্ব ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা জানান অত্র ইউনিয়ন পরিষদ ভবনটি অনেক পুরাতন। জনগণের দুর্ভোগের কথা চিন্তা করে এবং সরকারী সেবামূলক কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সুচারুরূপে পালন এবং আরো গতিশীল করার জন্য লাকসাম পূর্ব ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে প্রস্তাবসহ আনুষাঙ্গিক কাগজাদি দাখিল করা হয়েছে। উক্ত ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত স্থানটি ইউনিয়নের প্রায় কেন্দ্রস্থলে অবস্থিত। যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা ভালো। উক্ত ইউনিয়ন পরিষদ ভবনের জন্য প্রস্তাবিত জায়গাটি পরিমান ০.৪০ (চল্লিশ) একর যা এওয়াজকৃত। উত্তরে পারভীন আক্তার, দক্ষিণে পুকুর, পূর্বে সরকারী হাসপাতাল, পশ্চিমে চলাচলের রাস্তা এই চৌহদ্দির মধ্যে অবস্থিত। সভায় উপস্থিত সকল সদস্য উক্ত বিষয়ে একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম পূর্ব ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের প্রস্তাবটি অনুমোদনের লক্ষ্যে জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের মাধ্যমে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। ২। উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৮.২ | চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি সংক্রান্ত আলোচনা : চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি বলেন অত্র ইউনিয়ন পরিষদ ভবনটি জরাজীর্ণ অবস্থায় রয়েছে তা উক্ত ভবনটি পুনঃনির্মাণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ ভবনটি পুনঃনির্মাণের বিষয়ে চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ, লাকসামকে প্রয়োজনীয় কাগজাদি দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা।<br>২। চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা। |
| ৮.৩ | উত্তরদা ইউপি সংক্রান্ত আলোচনা : চেয়ারম্যান, উত্তরদা ইউনিয়ন পরিষদ বলেন ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স এর কাজ সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন উত্তরদা ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (দফাদার) পদ শূণ্য হওয়ায় উক্ত পদে গ্রাম পুলিশ (মহল্লাদার) হতে শূণ্য পদে দফাদার নিয়োগের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উত্তরদা ইউনিয়ন পরিষদসহ যে সকল ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ (দফাদার) পদ শূণ্য পদের সংখ্যা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |
| ৮.৪ | চেয়ারম্যান, আজগরা ইউপি সংক্রান্ত আলোচনা : চেয়ারম্যান, আজগরা ইউপি বলেন সফটওয়্যার সমস্যার কারণে ইউনিয়ন পরিষদের বিভিন্ন ভাতাভোগীদের ডাটা এন্ট্রি দেয়া বিলম্বিত হওয়ায় সময় বাড়ানোর জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে ডাটা এন্ট্রি সম্পন্ন করার জন্য সফটওয়্যার কারিগরী টিমের সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম।<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম। |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| | | | |
|---|---|---|---|
| ৯.১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসামা বলেন পল্লী বিদ্যুৎ সমিতি, কুমিল্লা-৪ ও পিডিবি কর্তৃক বৈদ্যুতিক খুঁটি বসানোর সময় রাস্তার Edging হতে নূন্যতম ১০ ফুট দুরত্বে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের অনুরোধ জানান। তিনি এলজিআরডি মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম মহোদয়ের বরাত দিয়ে বলেন ''বিজরা হতে লাকসাম রোড ওয়ান্ড ব্যাংক এর প্রজেক্টের মাধ্যমে করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বৈদ্যুতিক খুঁটি বসানোর সময় রাস্তার Edging হতে নূন্যতম ১০ ফুট দুরত্বে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, লাকসাম।<br>২। জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি, কুমিল্লা-৪<br>৩। নির্বাহী প্রকৌশলী, পিডিবি, লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| ৯.২ | উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম সরকারী নির্দেশনা মোতাবেক সকল দপ্তরে নো মাস্ক, নো সার্ভিস লেখা সম্বলিত ব্যানার টাঙ্গানো এবং সরকারের এ নির্দেশনা বাস্তবায়নে সকল দপ্তর প্রধানকে আন্তরিক হওয়ার জন্য বলেন । তিনি ২০২০-২০২৪ সাল পর্যন্ত লাকসাম উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার কার্যক্রম গ্রহণ করা হবে। উক্ত বিষয়ে সকল দপ্তর প্রধানকে তথ্যাদি প্রদানের অনুরোধ জানান। তিনি আরো জানান কুমিল্লা জেলার লাকসাম উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত অনুমোদনের লক্ষ্যে চাহিত তথ্যাদি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ১৮ অক্টোবর ২০২০ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৩১১.২০২০-৮১০ নং পত্রে লাকসাম উপজেলা পরিষদের জীপগাড়িতে প্রস্তাবিত যন্ত্রাংশসমূহ এ সংক্রান্ত বিধি বিধান/নির্দেশনা, পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে ৪,৩২,৯৫০/- (চার লক্ষ বত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয়পূর্বক স্থাপনের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন উপজেলা পরিষদের সি.সি টিভির ৪টি ক্যামেরা ক্রয় ও এডাপ্টর প্রতিস্থাপন বাবদ সর্বমোট ১৫,২০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত তা অনুমোদনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত সকল সদস্য উক্ত বিষয়ে একমত পোষণ করেন। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী নির্দেশনা মোতাবেক সকল দপ্তরে নো মাস্ক, নো সার্ভিস লেখা সম্বলিত ব্যানার টাঙ্গানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে ন্যূনতম দরদাতা ওয়াসিম অটো ইলেকট্রিক ওয়ার্কসপ, প্রোঃ মোঃ ওয়াসিম, লালমাই দক্ষিণ বাজার, লালমাই, কুমিল্লা কে কার্যাদেশ প্রদানসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সি.সি টিভির ক্যামেরা নষ্ট হওয়ায় সি.সি টিভির ৪টি ক্যামেরা প্রতিস্থাপন বাবদ সর্বমোট ১৫,২০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>৩। উপজেলা প্রকৌশলী, লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| ৯.৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম : চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম দৌলতগঞ্জ বাজারে যানজট নিরসনে মেয়র, লাকসাম পৌরসভা, উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, ভারপ্রাপ্ত কর্মকর্তা, লাকসাম থানাকে আলোচনায় বসার জন্য বলেন। তিনি বলেন উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, মেয়র, লাকসাম পৌরসভাসহ সকলে মিলে ২য় পর্যায়ের কোভিড-১৯ মহামারি আক্রমন প্রতিহত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি বলেন মাননীয় এলজিআরডি মন্ত্রী মহোদয়ের দিক নির্দেশনায় সারাদেশের ন্যায় আমরা করোনা ভাইরাস মোকাবেলায় কাজ করে যাচ্ছি। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২য় পর্যায়ের কোভিড-১৯ মহামারি প্রতিরোধে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম।<br>৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, লাকসাম থানা<br>৫।চেয়ারম্যান......... ইউপি (সকল), লাকসাম। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং -০৫.৪২.১৯৭২.০০২.০০.০০২.২০২০-৯০২ তারিখ : ২৯/১০/২০২০ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, .......................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। অফিস কপি।

29/10/2020
( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।